আজকের কাগজ

তারিখ ..26 OCT 1992 ... ...
পৃষ্ঠা... ২ ...কলাম... ২ ...

২৮

47

সমাজ কল্যাণ কর্মীদের জরিপ প্রতিবেদন

# পাবনার অধিকাংশ বেসরকারি হাইস্কুল সমস্যায় জর্জরিত ।।৪০ হাজার ছাত্র–ছাত্রীর শিক্ষায় বিঘ্ন

পাবনায় বহু সংখ্যক বেসরকারি হাইস্কুল নানা রকমের সমস্যায় জর্জরিত। আর এ কারণে এ সব বিদ্যালয়ে পড়াশোনায় বিঘ্ন ঘটছে।

সমাজ কল্যাণ কর্মীদের একটি জরিপ সূত্রে জানা গেছে, পাবনা জেলার ৯টি থানায় ৬৪টি বেসরকারি হাইস্কুল সমস্যা পীড়িত। ফলে এ সব স্কুলের প্রায় ৪০ হাজার ছাত্র–ছাত্রী লেখাপড়ার ক্ষেত্রে বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে। এ সব সমস্যার মধ্যে রয়েছে বিদ্যালয় ভবনের শোচনীয় অবস্থা। আসবাবপত্রের অপ্রতুল এবং বিদ্যালয় ঘরগুলোয় ছাত্র–ছাত্রীর ধারণ ক্ষমতা কম অর্থাৎ আকারে খুব ছোট। খেলাধুলার সরঞ্জামাদি নেই। নেই লাইব্রেরী। গবেষণাগার এবং কমনরুমের সুযোগ–সুবিধা।

জরিপ প্রতিবেদনে বলা হয় মোট স্কুলের শতকরা ৫ ভাগ এক তলা থেকে দু'তলা ভবন বিশিষ্ট এবং বাকি সব টিনের ছাউনি ঘেরা। শতকরা প্রায় ৬০ ভাগ স্কুলে আলাদা কোনো বিজ্ঞান ভবন নেই এবং নেই কোনো প্রয়োজনীয় বৈজ্ঞানিক যন্ত্রপাতি। খবর ইউএনবি।

প্রতিবেদনে আরো বলা হয় যে, বিদ্যালয়গুলোর শতকরা ৭০ ভাগ ছাত্র–ছাত্রী বিনোদনমূলক ব্যবস্থা থেকে বঞ্চিত। বিদ্যালয়গুলোর সামনে কোনো খেলার মাঠ নেই, নেই বিশুদ্ধ পানির ব্যবস্থা। প্রায় সব স্কুলেই টিউবওয়েল প্রয়োজন।

মাত্র শতকরা ৩ ভাগ স্কুলে লাইব্রেরীর সুযোগ–সুবিধা থাকলেও কোনো রেফারেন্স বই নেই। এ ছাড়া রয়েছে শিক্ষকদের বেতন সমস্যা। শিক্ষকদের বেতন তহবিলে সব সময় ঘাটতি থাকে। ফলে শিক্ষকরা কোনো সময়ই ঠিকমতো বেতন পান না।